# ইবতেদায়ি মাদরাসা শিক্ষকদের দুই মাসের এমপিওর চেক ছাড়

অনলাইন ডেস্ক

প্রকাশ: ১৯ জুলাই, ২০২৬ ১৩:০৬





সংগৃহীত ছবি

মাদরাসা শিক্ষা অধিদপ্তরের আওতাধীন স্বতন্ত্র ইবতেদায়ি মাদরাসার শিক্ষকদের ২০২৬ সালের মে ও জুন মাসের এমপিওর চেক ছাড় হয়েছে। আর্থিক অনুদানের সরকারি অংশের ৪টি চেক অনুদান বণ্টনকারী অগ্রণী ও রূপালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয় এবং জনতা ও সোনালী ব্যাংক লিমিটেড, স্থানীয় কার্যালয়ে এসব চেক ছাড় হয়।

রবিবার (১৬ জুলাই ) মাদরাসা শিক্ষা অধিদপ্তরের এক বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানা যায়।

**আরো পড়ুন**



ফের বাড়ল ডলারের দাম, আজকের বৈদেশিক মুদ্রা বিনিময়ের হার কত?

বিজ্ঞপ্তিতে বলা হয়, মাদরাসা শিক্ষা অধিদপ্তরের ১৯/০৭/২০২৬ খ্রি. তারিখে স্মারক নং- ৫৭.২৫.০০০০.০১১.০৬,০০২.২৪-১৪৫, স্মারক

নং-৫৭.২৫.০০০০.০১১.০৬.০০২.২৪-১৪৬, তারিখ : ১৬/০৭/২০২৬ খ্রি. অনুযায়ী হস্তান্তর করা হয়েছে। শিক্ষকগণ আগামী ১৯/০৭/২০২৬ খ্রি. তারিখের পর সংশ্লিষ্ট ব্যাংক থেকে মে ও জুন মাসের আর্থিক অনুদানের সরকারি অংশ উত্তোলন করতে পারবেন।